



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/16/2021

গভর্নর ক্যাথি হোচুল

গভর্নর হোচুল সেপ্টেম্বর মাসে নিউ ইয়র্কবাসীদের জন্য খাদ্য সহায়তায় বাড়তি 200 মিলিয়ন মার্কিন ডলারের ঘোষণা দিয়েছেন

সকল SNAP গ্রহীতা এই মাসের জন্য সর্বোচ্চ খাদ্য সুবিধা পাবে

2020 সালের এপ্রিল মাস থেকে খাদ্য সহায়তায় 2.9 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিতরণ করা হয়েছে

গভর্নর ক্যাথি হোচুল আজকে ঘোষণা করেছেন যে সাপ্লিমেন্টাল নিউট্রিশন অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (Supplemental Nutrition Assistance Program) বা SNAP প্রোগ্রামের অন্তর্ভুক্ত নিউ ইয়র্কবাসীরা সেপ্টেম্বর মাসের জন্য সর্বোচ্চ অনুমোদিত খাদ্য সুবিধা পাবে। গভর্নর হোচুল স্টেটের অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিসেবিলিটি অ্যাসিস্ট্যান্স (Office of Temporary Disability Assistance, OTDA) কে শরতজুড়ে অভাবী পরিবারগুলির কাছে এই বাড়তি সহায়তা সুবিধা পৌঁছে দেওয়ার ব্যাপারে ফেডারেল সরকারের সাথে কাজ চালিয়ে যেতে নির্দেশ দিয়েছেন, যা নিউ ইয়র্ক স্টেটে SNAP পরিচালনা করে।

"এই মহামারী নিউ ইয়র্কজুড়ে অগনিত পরিবারের জন্য অর্থনৈতিকভাবে পীড়াদায়ক ছিল, এবং আমরা আমাদের অরক্ষিত জনগোষ্ঠীকে ক্ষুধা বা খাদ্য অনিরাপত্তার মুখোমুখি হতে দিতে পারি না - বিশেষ করে একটি গণস্বাস্থ্য সংকটের সময়ে," **গভর্নর হোচুল বলেন।** "এই জরুরি খাদ্য সুবিধাগুলি নিউ ইয়র্কবাসীদের দিন গুজরান করতে এবং তাদের পরিবারকে খাওয়াতে সাহায্য করছে, পাশাপাশি আমাদের স্টেটের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ফেডারেল তহবিল যোগ করছে।"

কমিশনার মাইক হেইন বলেন, "কোন নিউ ইয়র্কবাসীর খাদ্য নিরাপত্তাহীনতার হৃদয় বিদারক সম্ভাবনার মুখোমুখি হওয়া উচিত নয় - বিশেষ করে একটি গণস্বাস্থ্য সংকটের সময়ে। যখন আমরা এই চলমান মহামারী মোকাবেলা করছি তখন এই বাড়তি খাদ্য সুবিধাগুলি পরিবার এবং ব্যক্তিগতভাবে টেবিলে খাবার জোগানের সহায়তা করার মাধ্যমে স্টেটজুড়ে অনটনে থাকা নিউ ইয়র্কবাসীদের জন্য গুরুত্বপূর্ণ লাইফলাইন দিয়েছে।"

নিউ ইয়র্ক সিটির বাইরের সকল SNAP পরিবারগুলি এই সুবিধা এই সপ্তাহ শুরুর পর থেকে 24 সেপ্টেম্বর পর্যন্ত পাবে। পাঁচ কাউন্টির নিউ ইয়র্ক সিটি অঞ্চলের SNAP পরিবারগুলি 16 সেপ্টেম্বর থেকে মাসের শেষ পর্যন্ত সুবিধাগুলি পাবে।

SNAP পরিবারগুলি ইতোমধ্যেই সর্বোচ্চ মাসিক সুবিধা পাচ্ছে, এবং যারা মাসিক 95 মার্কিন ডলারের কম জরুরি বরাদ্দ পাচ্ছিলেন, তারা ন্যূনতম মাসিক 95 মার্কিন ডলার সাপ্লিমেন্ট পাবেন। নিউ ইয়র্ক স্টেটে এই মাসে প্রায় 1.6 মিলিয়ন পরিবার বাড়তি সুবিধা পাবে, যার কারণে স্টেট ফেডারেল সহায়তায় প্রায় 200 মিলিয়ন মার্কিন ডলার পাবে।

আগের মাসগুলির মত, পেমেন্ট সরারসি গ্রহীতার বিদ্যমান ইলেকট্রনিক বেনিফিট ট্রান্সফার (Electronic Benefit Transfer, EBT) অ্যাকাউন্টে জমা হবে এবং তাদের বিদ্যমান EBT কার্ডের মাধ্যমে উত্তোলন করা যাবে। নিয়মিত SNAP সুবিধার মত, সাপ্লিমেন্টাল সুবিধা সকল অনুমোদিত খাবারের দোকান থেকে খাবার কেনার জন্য ব্যবহার করা যাবে। যেকোনো অব্যবহৃত SNAP সুবিধা স্বয়ংক্রিয়ভাবে পরের মাসের জন্য জমা হবে।

OTDA কোভিড-19 এর কারণে চলমান গণ চাহিদার ভিত্তিতে জরুরি বরাদ্দ সম্প্রসারণের জন্য ফেডারেল সরকারের অনুমতি পেয়েছে। ফলস্বরূপ, নিউ ইয়র্কবাসীরা যত দিন পর্যন্ত 2021 সালের ফেডারেল জরুরি ঘোষণা অব্যবহৃত থাকবে, তত দিন পর্যন্ত সর্বোচ্চ SNAP সুবিধা পেতে থাকবেন।

কোভিড-19 মহামারী চলার সময়ে অনটনে থাকা নিউ ইয়র্কবাসীরা SNAP এর উপর গভীরভাবে নির্ভর করা চালিয়ে যাচ্ছেন। 2021 সালের জুলাই পর্যন্ত, স্টেটজুড়ে 2.8 মিলিয়ন SNAP গ্রহীতা ছিল, যা 2020 সালের জুলাই মাস থেকে 1.8 শতাংশ বৃদ্ধি। বাড়তি SNAP সুবিধা মহামারী শুরুর পর থেকে নিউ ইয়র্ক স্টেটে 2.9 বিলিয়ন মার্কিন ডলারের বেশি ফেডারেল তহবিল যোগ করেছে।

প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্নের উত্তর সহ জরুরি সহায়ক SNAP সুবিধা সম্পর্কে আরও তথ্য পেতে OTDA এর ওয়েবসাইট ভিজিট করুন এখানে। নিউ ইয়র্কবাসীরা SNAP এর জন্য যোগ্যতা যাচাই এবং আবেদন করতে পারবেন [এখানে](#)।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)